গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) শাখা
www.mor.gov.bd

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন (২০১৯-২০২০)-চুক্তিতে এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ২.৪-এর কর্মসম্পাদন সূচক বাস্তবায়নের নিমিত্ত একটি মতবিনিময় ও অবহিতকরণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০১/০৩/২০২১ |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৯৩০) |

**সভার উপস্থিতি:** সভায় রেলপথ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, বাংলাদেশ রেলওয়ের যুগ্ম-মহাপরিচালক এবং রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন; যা পরিশিষ্ট 'ক'-তে উপস্থাপন করা হলো।

০২। **প্রারম্ভিক আলোচনা**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, বার্ষিক কর্মসম্পাদন (২০১৯-২০২০)-চুক্তিতে এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ২.৪-এর কর্মসম্পাদন সূচকে উল্লিখিত সিটিজেন চ্যার্টারে বর্ণিত সেবাসমূহ সেবা গ্রহীতাদের সঠিকভাবে প্রদান করা হচ্ছে কিনা-এ বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি উল্লেখ করেন যে, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সিটিজেন চ্যার্টারে বর্ণিত সেবাসমূহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সেবাগ্রহীতাদের অবহিতকরণের পাশাপাশি অন্যান্য অংশীজনসহ সাধারণ জনগণকে অবহিত করা প্রয়োজন। অত:পর তিনি বার্ষিক কর্মসম্পাদন (২০১৯-২০২০)-চুক্তিতে এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ২.৪-এর কর্মসম্পাদন সূচক বাস্তবায়নের নিমিত্ত অদ্যকার মতবিনিময় ও অবহিতকরণ সভায় আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিবকে অনুরোধ করেন। সভাপতির অনুরোধে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভার কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

০৩। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা) বলেন যে, বার্ষিক কর্মসম্পাদন (২০১৯-২০২০)-চুক্তিতে এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ২.৪-এর কর্মসম্পাদন সূচক এর সংশোধন করে ২.৪ এর পরিবর্তে ২০২০-২০২১ সালের বার্ষিক কর্মসম্পাদন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ১.৪-এর উল্লেখ করে কর্মসম্পাদন সূচক সংশোধনের আবশ্যকতা রয়েছে। তিনি আরও বলেন বার্ষিক কর্মসম্পাদন (২০২০-২১) চুক্তিতে এ মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য এর আওতাধীন ১.৪ এর কর্মসম্পাদন সূচকে ৪টি লক্ষ্যমাত্রার মধ্যে ৩টি অর্জন হতে যাচ্ছে এবং আরও ১টি সম্পন্ন হলে দ্রুত শতভাগ অর্জন সম্ভব হবে।

০৪। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে বলেন, বাংলাদেশ রেলওয়ের জন্য প্রণীত ২০২০-২০২১ সালের বার্ষিক কর্মসম্পাদন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন উক্ত সূচকে উল্লিখিত বছরে ০৪টি কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা থাকলেও মাত্র ১টি লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং বাকী ৩টি এখনও অর্জন করা সম্ভব হয়নি। তবে বাংলাদেশ রেলওয়ে প্রচার-প্রচারণা, বিজ্ঞপ্তি, ডিজিটাল, বিভিন্ন এ্যাপস এর মাধ্যমে রেলওয়ের কার্যক্রম জনগণকে অবহিত করছে। বার্ষিক কর্মসম্পাদন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ রেলওয়ের অগ্রগতি আশানুরূপ নয় মর্মে অভিমত ব্যক্ত করেন। রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ রেলওয়ে এবং সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নাগরিক সেবাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকলকে তৎপর হওয়ার বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০৪। বিস্তারিত অলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | **কর্মসম্পাদন সূচক সংশোধন**<br><br>(ক) বার্ষিক কর্মসম্পাদন (২০১৯-২০২০)-চুক্তিতে এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতাধীন কার্যক্রম ২.৪-এর কর্মসম্পাদন সূচক এর সংশোধন করে ২.৪ এর পরিবর্তে ২০২০-২০২১ সালের বার্ষিক কর্মসম্পাদন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ১.৪-এর উল্লেখ করে সংশোধনের বিষয়ে আলোচনা হয়।<br><br>(খ) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ) হতে সিটিজেন চার্টার সংক্রান্ত সংশোধনের প্রস্তাব অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধনের বিষয়ে আলোচনা হয়। | (ক) বার্ষিক কর্মসম্পাদন (২০১৯-২০২০)-চুক্তিতে এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ২.৪-এর কর্মসম্পাদন সূচক এর সংশোধন করে ২.৪ এর পরিবর্তে ২০২০-২০২১ সালের বার্ষিক কর্মসম্পাদন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ১.৪-এর উল্লেখ করে কর্মসম্পাদন সূচকের সংশোধন করতে হবে।<br><br>(খ) সিটিজেন চার্টার সংক্রান্ত প্রস্তাবিত সংশোধনের প্রস্তাব অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধন আনয়ন করতে হবে। | (১) সিটিজেন চ্যার্টার পরিবীক্ষণ কমিটি, রেলপথ মন্ত্রণালয়।<br><br>(২) প্রশাসন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়। |
| ২। | **গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন**<br><br>রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) এর সভাপতিত্বে গত ২৭.১২.২০২০ তারিখে বার্ষিক কর্মসম্পাদন (২০১৯-২০২০)-চুক্তিতে এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ২.৪-এর কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন (সিটিজেন চার্টার) সংক্রান্ত গঠিত কমিটির অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। | গত ২৭.১২.২০২০ তারিখে বার্ষিক কর্মসম্পাদন (২০১৯-২০২০)-চুক্তিতে এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রম ২.৪-এর কর্মসম্পাদন সূচক (সিটিজেন চার্টার) সংক্রান্ত অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের অগ্রগতি আগামী ৭ দিনের মধ্যে বাস্তবায়ন করত: এ বিষয়ে সভা আহবান করে উক্ত সভায় উপস্থাপন করতে হবে। | (১) যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়;<br><br>(২) সিনিয়র সহকারী সচিব (রেল অপারেশন), রেলপথ মন্ত্রণালয়।<br><br>(৩) সহকারী প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়। |
| ৩। | **সিটিজেন চার্টার অবহিতকরণ সভা আয়োজন**<br><br>বাংলাদেশ রেলওয়ের এপিএ সংক্রান্ত বিভিন্ন সভা রেলভবন, ঢাকা ছাড়াও বিভিন্ন অঞ্চলে/রেলওয়ের বিভাগে সিটিজেন চার্টার অবহিতকরণ সভা আহবান করে মন্ত্রণালয়ের প্রতিনিধি রাখার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন অঞ্চলে/রেলওয়ের বিভাগে সিটিজেন চার্টার অবহিতকরণ সভা আহবান করতে হবে যাতে মন্ত্রণালয়ের প্রতিনিধিও থাকবেন। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>(২) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |

| | | | |
|---|---|---|---|
| ৪। | **বার্ষিক কর্মসম্পাদন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন কার্যক্রমের অগ্রগতি**<br><br>বাংলাদেশ রেলওয়ের জন্য প্রণীত ২০২০-২০২১ সালের বার্ষিক কর্মসম্পাদন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন ১.৪ সূচক কার্যক্রমের অগ্রগতি নিয়ে সভায় আলোচনা হয় এবং রেলওয়ের অগ্রগতি আশানুরূপ নয় মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | ২০২০-২০২১ সালের বার্ষিক কর্মসম্পাদন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-২ এর আওতায়ধীন ১.৪ সূচক অনুযায়ী কর্মসম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আরও উদ্যোগী হয়ে উক্ত লক্ষ্যমাত্রা অর্জন শতভাগ নিশ্চিত করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |
| ৫। | **নাগরিক সেবাসমূহ যথাযথভাবে প্রতিপালন**<br><br>রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ রেলওয়ে এবং সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নাগরিক সেবাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য বিস্তারিত আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ে এবং সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নাগরিক সেবাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) জিআইবিআর |

০৩। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৭/২০২১

ড. ভুবন চন্দ্র বিশ্বাস
অতিরিক্ত সচিব (প্রশাসন)